

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১২৪

আগরতলা, ৮ ডিসেম্বর, ২০২৩

আগামী ১১ ডিসেম্বর রাজ্যভিত্তিক ভারতীয় ভাষা দিবস

রাজ্যভিত্তিক ভারতীয় ভাষা দিবস উদযাপন অনুষ্ঠান আগামী ১১ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন। এবারের ভারতীয় ভাষা দিবসের মূল ভাবনা হচ্ছে ‘ভাষা অনেক, ভাব এক’। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানান শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। তিনি জানান, ভারত সরকারের শিক্ষা, স্কিল ডেভেলপমেন্ট ও এন্ট্রাপ্রেনোরশিপ মন্ত্রকের সিদ্ধান্ত অনুযায়ী এবছর থেকে প্রতিবছর ১১ ডিসেম্বর ভারতীয় ভাষা দিবস হিসেবে উদযাপন করা হবে। বহু ভাষাবাদ হল ভারতের বৈচিত্র্যের মধ্যে একের মূল ভিত্তি। মূলত একে অপরের ভাষা সম্পর্কে জানা এবং তরুণদের মধ্যে এই বিষয়ে উৎসাহিত করার উদ্দেশ্যেই এই কর্মসূচি নেওয়া হয়েছে বলে বিশেষ সচিব জানিয়েছেন।

সাংবাদিক সম্মেলনে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব জানান, বিখ্যাত তামিল কবি সি সুরামনিয়া ভারতীয় জন্মদিবসকে কেন্দ্র করে প্রতিবছর ১১ ডিসেম্বর ভারতীয় ভাষা দিবস হিসেবে উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাধীনতা সংগ্রামীর পাশাপাশি সি সুরামনিয়া ভারতী তামিল কবিতার একজন অগ্রণী কবি ছিলেন। ভারতীয় ভাষা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গত ২৮ সেপ্টেম্বর থেকে বিভিন্ন স্কুল, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিভিন্ন কর্মসূচি আয়োজিত হচ্ছে এবং আগামী ১১ ডিসেম্বর ভারতীয় ভাষা দিবস উদযাপনের মাধ্যমে এর সমাপ্তি হবে। তিনি জানান, দেশের অন্যান্য অংশের সাথে রাজ্যেও বিদ্যালয়, জেলা এবং রাজ্যস্তরীয় বিভিন্ন কর্মসূচি আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। এরমধ্যে রয়েছে অনলাইন প্রবন্ধ প্রতিযোগিতা, ভারতীয় ভাষা দিবসের উপর টক শো, পুস্তিকা প্রকাশ, বহু ভাষাভাষীর সাংস্কৃতিক অনুষ্ঠান, জেলাভিত্তিক অনুষ্ঠান। তিনি জানান, ভারতীয় ভাষা দিবস উদযাপন উপলক্ষে এআইসিটিই অনুবাদিনি (ANUVADINI) নামে ভাষা অনুবাদের একটি অ্যাপ্লিকেশন টুল তৈরী করেছে। এই অ্যাপ্লিকেশন টুলটি বিভিন্ন ভাষা অনুবাদে সহায়তা করবে। বিশেষ সচিব আরও জানান, ভাষাকে কেন্দ্র করে বিভিন্ন সময় বিভিন্ন কর্মসূচি আয়োজিত হয়। মাতৃভাষার সম্মান ও তার প্রসারে ইউনেস্কোর ঘোষণার প্রেক্ষিতে প্রতিবছর ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। সাংবাদিক সম্মেলনে উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মাও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*